# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

চতুর্বিংশ বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
জুলাই ২০১৩

**রানী রাসমণি স্মারক বক্তৃতা, ২০১৩**

বিদ্যামন্দিরের প্রয়াত প্রাক্তনী অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানী রাসমণি স্মারক বক্তৃতা' এ বছর নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হবে ঃ

তারিখ ঃ ১৫ আগস্ট ২০১৩, বৃহস্পতিবার
সময় ঃ বেলা ১টা ৩০মিনিট
স্থান ঃ আশা-জ্যোতি কনফারেন্স হল, বিদ্যামন্দির
বিষয় ঃ **ভগিনী নিবেদিতা**
বক্তা ঃ **স্বামী সুবীরানন্দ**, সহ-সম্পাদক, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন।

**এই বক্তৃতা সভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ।**

বিদ্যামন্দির, ৩০ জুন ২০১৩ —কর্মসচিব



*We are what our thoughts have made us; so take care of what you think. Words are secondary. Thoughts live, they travel far.*
—Swami Vivekananda

## সম্পাদকীয়

অতীত ও বর্তমানের মধ্যে যোগসূত্র তৈরী করে উজ্জ্বলতর ভবিষ্যৎ রচনার কাজ বিগত বছরগুলিতে অত্যন্ত কার্যকরভাবে করে চলেছে প্রাক্তনী সংসদ। ভাল লাগে, যখন অনেকে বলেন মঠ-মিশনের বিদ্যাপ্রতিষ্ঠানগুলির প্রাক্তনী সংগঠনের মধ্যে 'বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ'-এর ভূমিকা বিশেষ সক্রিয় এবং উল্লেখযোগ্য। আজ বিদ্যামন্দির ও এর প্রাক্তনী সংসদের পরিপূরকতা সন্দেহাতীতভাবে প্রতিষ্ঠিত। বিদ্যামন্দিরের প্রশাসনও এই সম্পর্ককে মজবুত করতে বিশেষভাবে আগ্রহী। প্রসঙ্গত বলা যেতে পারে বিদ্যামন্দিরের বর্তমান সম্পাদক এবং অধ্যক্ষ উভয়েই বিদ্যামন্দিরের প্রাক্তনী হবার সুবাদে প্রাক্তনী সংসদের সদস্যও। এই অভূতপূর্ব যোগাযোগ আগামী দিনগুলিতে সংসদের কাজকর্মে নিঃসন্দেহে নতুন মাত্রা যোগ করবে।

সমস্ত কর্মকাণ্ডে আপনাদের সক্রিয় অংশগ্রহণের আবেদন জানাই। বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পে আর্থিক অনুদান দরকার —তার থেকে অনেক বেশী দরকার সক্রিয় ও নিষ্ঠাবান কর্মীর। দেশকালের বর্তমান পরিপ্রেক্ষিত বলছে—নিষ্ঠাবান কর্মী ও দায়িত্বশীল মানুষের আজ বড়ই অভাব।

প্রাক্তনী-বার্তার চতুর্বিংশতি বর্ষের দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হল। পত্রিকা সম্পর্কে পাঠকের মতামত জানতে আমরা আগ্রহী। আশা করি সাড়া পাব।

—তপন কুমার ঘোষ, প্রধান সম্পাদক

## ২০১২-২০১৩ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

অ্যাসোসিয়েশনের ২০১২-১৩ বর্ষের বার্ষিক সাধারণ সভা নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ

তারিখ : ১৫ আগস্ট ২০১৩, বৃহস্পতিবার ; সময়: বিকেল ৩-১৫ মিনিট ; স্থান: আশা-জ্যোতি কনফারেন্স হল, বিদ্যামন্দির।

আলোচ্য বিষয়সূচী :

১। বিগত ১৫.৮.২০১২-য় অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ; ২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন, ২০১২-১৩ বর্ষ ; ৩। ২০১২-১৩ বর্ষের অডিট রিপোর্ট ; ৪। ২০১৩-১৪ বর্ষের জন্য অডিটর নিয়োগ ; ৫। বিবিধ ঃ সভাপতির অনুমোদন সাপেক্ষে।

এই সভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ জানাই।

বিদ্যামন্দির, ৩০ জুন ২০১৩ —কর্মসচিব

**বিঃদ্রঃ—এই সভার দিনে বিদ্যামন্দিরে যাঁরা মধ্যাহ্নভোজনে ইচ্ছুক, তাঁরা অনুগ্রহ করে ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনের (৯৮৩১৪৬৪৬৬০) মাধ্যমে জানিয়ে দেবেন।**

# শোক সংবাদ

✪ বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ভূতপূর্ব অধ্যাপক নিরঞ্জন ভুঁইএ্যা গত ২৭.১.১৩ তারিখে রামকৃষ্ণ মিশন সেবাপ্রতিষ্ঠানে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। অধ্যাপক ভুঁইএ্যা ২০.৯.৩৬-এ জন্মগ্রহণ করেন, কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ থেকে গ্রাজুয়েশন এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম. এ. ডিগ্রি নিয়ে বিদ্যামন্দিরে অধ্যাপনায় যোগ দেন। শারীরিক অসুস্থতার কারণে স্বেচ্ছা অবসর নেন ১৯৯৬এর ডিসেম্বরে। তাঁর লেখা কয়েকটি গ্রন্থ ছাত্রসাধারণ এবং সাহিত্যপ্রেমীদের প্রশংসা আদায় করে। অগণিত ছাত্রের মননে অধ্যাপক ভুঁইএ্যার সুদক্ষ অধ্যাপনার স্মৃতি চির অমলিন হয়ে থাকবে।

✪ বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের ভূতপূর্ব প্রধান অধ্যাপক যোগজীবন রায় গত ২ এপ্রিল ২০১৩-য় কলকাতার পোর্ট হাসপাতালে ৮৯ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। ১৯৮৮ পর্যন্ত তিনি বিদ্যামন্দিরে পূর্ণ সময়ের অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। প্রথাগত অবসরের পরে ১৯৯২ পর্যন্ত অতিথি অধ্যাপকরূপে নিজেকে যুক্ত রেখেছিলেন বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের সঙ্গে। অধ্যাপনায় উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিতে কলকাতা বিশ্ববিদ্যালয় ২০১০-এ তাঁকে Eminent Teacher হিসেবে পুরস্কৃত করে। বিশিষ্ট ছাত্রদরদী এবং নিষ্ঠাবান অধ্যাপক হিসাবে বিদ্যামন্দির পরিবার দীর্ঘকাল প্রয়াত অধ্যাপক রায়কে স্মরণ করবে।

✪ ১৯৫৬-৫৮ র প্রাক্তনী—প্রাক্তনী সংসদের প্রবীণ সদস্য ডাঃ অলোকরঞ্জন বসু সম্প্রতি প্রয়াত হয়েছেন। মেডিসিন-এর এই স্বনামধন্য চিকিৎসক প্রাক্তনী সংসদের কর্মসূচীতে উৎসাহের সঙ্গে অংশ নিতেন। অকালপ্রয়াত হয়েছেন আর এক প্রাক্তনী—১৯৭৩-৭৬ শিক্ষাবর্ষের আকাশ মাজি। প্রফেসর চন্দ্রকুমার রায় (১৯৫৮-৬০), প্রাক্তন বিভাগীয় প্রধান, নিউরো সার্জারি, নীলরতন সরকার মেডিকেল কলেজ, কলকাতা, গত ৩০.৫.২০১৩ তারিখে প্রয়াত হয়েছেন। এঁদের প্রয়াণে প্রাক্তনী সংসদ শোকাহত।

✪ বিদ্যামন্দিরের সাম্মানিক তৃতীয়বর্ষ মাইক্রোবায়োলজির ছাত্র মৃগাঙ্ক বিশ্বাস গত ১২ মে তারিখে আকস্মিক এক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছে। বিনয়ী, শৃঙ্খলাপরায়ণ, সুভদ্র মৃগাঙ্কের স্মৃতিতে এক শোকসভার আয়োজন করা হয় ১৩ মে তারিখে, বিবেকানন্দ সভাগৃহে। তার অকালপ্রয়াণে বিদ্যামন্দির পরিবার শোকস্তব্ধ।

# অভিনন্দন রামকুমার

বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৭৩-৭৬) রামকুমার মুখোপাধ্যায়-এর উপন্যাস 'ধনপতির সিংহলযাত্রা' ১৪১৯ সালের 'আনন্দ পুরস্কার'-এ সম্মানিত হয়েছে। সাহিত্য আকাদেমির (পূর্বাঞ্চল) প্রাক্তন সম্পাদক রামকুমার দীর্ঘ পাঁচ বছরের গবেষণামূলক প্রচেষ্টায় চণ্ডীমঙ্গলের এক সুপ্রাচীন উপাখ্যানের পুনর্নির্মাণ করেছেন এই উপন্যাসে। তাঁর এই শিকড়ের অনুসন্ধান সারস্বত স্বীকৃতি পেল—বিদ্যামন্দির পরিবারের সকলেই আনন্দিত—আপ্লুত। ব্যক্তিগত আলাপনে রামকুমার তাঁর মানসনির্মাণে বিদ্যামন্দিরের ভূমিকাকে অকুণ্ঠ স্বীকৃতি দিয়েছেন! অভিনন্দন রামকুমার! আগামী ১৫.৮.১৩ তারিখে বার্ষিক সাধারণ সভার দিনে রামকুমার-কে সম্বর্ধনা জ্ঞাপনের সিদ্ধান্ত নিয়েছে প্রাক্তনী সংসদ।

# প্রশাসনিক রদবদল

বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ স্বামী ত্যাগরূপানন্দ দীর্ঘ প্রায় ২৭ বছর বিদ্যামন্দিরে থাকার পর রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ, দেওঘর-এর সম্পাদকের দায়িত্ব নিয়ে চলে গেলেন। ১৯৮৭ তে সারদাপীঠে ব্রহ্মচারী সেবক হিসেবে যোগদান করে মূলত বিদ্যামন্দিরে নানা দায়িত্ব পালন করার পর ২০০5 এর ৪ঠা জুলাই তিনি অধ্যক্ষের কার্যভার গ্রহণ করেন এবং বিদ্যামন্দিরের অগ্রগতির কাজে সক্রিয় নেতৃত্ব প্রদান করেন। তাঁর অধ্যক্ষতার সময়েই বিদ্যামন্দির স্বশাসন পেয়েছে এবং College with Potential for Excellence হিসেবে নির্বাচিত হয়েছে। তাঁর সময়েই বিদ্যামন্দিরে চারটি বিষয়ে স্নাতকোত্তর পঠনপাঠন শুরু হয়। কলেজ ও ছাত্রাবাসের নানা পরিকাঠামোগত উন্নয়ন হয়েছে তাঁর নেতৃত্বে। অর্থনীতি বিভাগ সমৃদ্ধ হয়েছে তাঁর পাঠদানে। প্রাক্তনী সংসদের নানাবিধ কাজকর্মে তাঁর সক্রিয় উৎসাহ এবং আন্তরিক সহযোগিতার কথা আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি।

বিদ্যামন্দিরের আর এক বিশিষ্ট সন্ন্যাসী-সেবক—কলেজ অফিসের সুপার স্বামী সর্বপ্রেমানন্দ—আমাদের শৈবাল মহারাজ—বেলুড়মঠ কর্তৃপক্ষের নির্দেশানুসারে দেওঘর বিদ্যাপীঠে চলে গেলেন। দেড় দশকেরও বেশী সময় তিনি বিদ্যামন্দিরের সঙ্গে যুক্ত ছিলেন নানাভাবে। গণিত বিভাগে অধ্যাপনার দায়িত্বও পালন করেছেন তিনি। বিদ্যামন্দিরের ক্রমবিকাশে শৈবাল মহারাজের ভূমিকা আমরা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করি।

এঁদের দু'জনের নতুন ভূমিকায় সাফল্যের জন্যে আমাদের আন্তরিক শুভেচ্ছা রইল।

১০.৪.১৩ থেকে বিদ্যামন্দিরের অধ্যক্ষের দায়িত্ব নিয়েছেন উপাধ্যক্ষ স্বামী শাস্ত্রজ্ঞানন্দ। বিদ্যামন্দিরের পরীক্ষাসমূহের নিয়ামক স্বামী কৃষ্ণনাথানন্দ দায়িত্ব নিয়েছেন সহাধ্যক্ষের। বিদ্যামন্দির ঘরানার সার্থক উত্তরসূরী স্বামী শাস্ত্রজ্ঞানন্দ—সঞ্জীব মহারাজের সঙ্গে প্রাক্তনী সংসদের ঘনিষ্ঠ সংযোগসূত্র বিদ্যামন্দির ও প্রাক্তনী সংসদের পরিপূরকতাকে নতুন মাত্রা দেবে বলে আমাদের দৃঢ়বিশ্বাস! নতুন অধ্যক্ষ এবং উপাধ্যক্ষকে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে আন্তরিক স্বাগত। আশা করি তাঁদের নেতৃত্বে বিদ্যামন্দির সাফল্যের নতুন শিখর স্পর্শ করবে।

# News from the Vidyamandira
## (January to May 2013)

**Seminar :** During the period under review one U.G.C. sponsored national seminar was organised by the Bengali Dept. during 10th and 11th April in collaboration with Sishu Kishore Academy. The theme of the seminar was *'Upendra Kishore O Sukumar : Srijan Shilper Dui Purush.'* Renowned speakers like Sailen Ghosh (Writer), Prof. Bratati Chakrabarty, BHU, Parthajit Gangopadhyay, Prof. Baridbaran Ghosh (B.U.), Soumitra Basu (RBU), Pranabesh Maity (illustrator) addressed the seminar.

Dept. of Sanskrit organised a half-day seminar on 2nd May, 2013. The topic of the seminar was—'শব্দার্থতত্ত্বম্' (Relationship between word and meaning). Speakers were : Dr. Mrinalkanti Ganguly (on Nyaya Philosophy), Dr. Harekrishna Pattajoshi (on Grammer) and Prof. Dhananjay Chakraborty (on Sahitya).

Dept. of English arranged a Film Festival to commemorate hundred years of Indian Cinema. The theme was : '100 years of Indian Cinema : Bengal's contribution'. On 16.04.13, the inaugural speech was delivered by Prof. Sanjay Mukherjee, Professor and H.O.D., Film Studies, Jadavpur University. Seven films were screened on this occasion.

**Achievements of the Vidyamandira students : Extra-academic :** Many of our students participated in various cultural and other competitions held outside. Some of them performed creditably well and secured positions in competitions organised by Udbodhan, Baghbazar, Advaita Ashram, Kolkata etc. on the occasion of 150th birth aniversary of Swamiji. One English (H) student came out as winner in a writing competition arranged by British Council. Five Math (H) students won 'cheer prize' in 'Madhaba Maths Competition' organised by the Tata Institute of Fundamental Research. On 19th April 2013 the Research Scholars Association of the Indian Association for Cultivation of Science, Kolkata, organised a Quiz Competition called "Brain Fever". A three-member team of our 3rd yr. Hons. students secured the first place.

**Achievements of Vidyamandira Students : Academic :** Now that Vidyamandira is an autonomous college, performance of our students can not be judged through university ranks. It can now be best appreciated through the performance of our students at all-India examinations and entrance tests. Here are some relevant pieces of information.

Four students of B. Sc. third year Chemistry Honours have been selected for the M.Sc. integrated Ph.D. course at Tata Institute of Fundamental Research, Mumbai—a premier institution for advanced research in fundamental sciences.

19 students of M. Sc. Applied Chemistry appeared in the GATE this year. Out of them 15 have qualified. One of them secured 15th rank at all-India level.

Following is a summary of B.Sc. outgoing students' performance at All-India Examinations, 2013.

| Sl. No. | Department | Ranks |
|---|---|---|
| 1. | Chemistry | IITRanks : 4, 9, 15, 17, 27, 29, 33, 44, 83, 98, 100, 146, 167, 172... |
| 2. | Mathematics | a) IIT Ranks : 2, 45, 100, 103, 108, 114, 128, 276....<br>b) Vivekananda University : 7 students selected.<br>c) TIFR, Bangalore : 5 students selected. |
| 3. | Physics | a) IIT Ranks : 120, 150, 210, 248, 290, 330, 345, 521....<br>b) JEST Ranks : 39, 111, 153, 171 |
| 4. | Mircrobiology | IIT Ranks : Biological Science : 5, 81, 330, 722...<br>IIT Ranks : Biochemistry : 136, 158, 655, 1336, 2059... |
| 5. | Statistics | IIT Ranks : 286, 445, 732, 793 |

**Introduction of new P.G.Course :** From the academic session 2013-14, autonomous college Vidyamandira has decided to introduce Post-graduate studies in Philosophy. This, in our opinion, is a proper homage to Swami Vivekananda on the occasion of his 150th birth anniversary.

**Administrative Changes :** Our Principal Swami Tyagarupananda, (Ananda Maharaj) has recently left his responsibility as Principal of the college and has joined as Secretary, Ramakrishna Mission Vidyapitha, Deoghar. As per decision of the governing body, Vice-Principal Swami Shastrajnananda, Sanjib Maharaj, assumed his office as Principal on and from 10.4.2013. Swami Krishnanathananda, Debanjan Maharaj, has become the new Vice-Principal.

Swami Sarvapremananda, Saibal Maharaj, Office Superintendent of the Vidyamandira has also been transferred to R. K. Mission Vidyapitha, Deoghar.

**Opening the Window :** Starting from 24 April, 2013, every evening interested students of the Vidyamandira have got the opportunity to watch selected News/Academic and Adventure Channels like Discovery, National Geography, History, BBC World News, CNN etc. on TV at Asha Jyoti Conference Hall.

**Sports News :** The Annual Sports meet was organised on 2nd February. Sri Debdut Ghoshthakur, Chief Reporter, Ananda Bazar Patrika, presided over the prize giving ceremony and Sri Shankarlal Chakraborty, Ex-National footballer and presently coach at Tata Football Academy was present as the Chief Guest.

The District Football Meet among the non-Govt. Colleges of Howrah was organised at the playground of the Vidyamandira on and from 16 February.

Students of Vidyamandira participated in the inter-college sports events organised at ISI Kolkata during 26-27 Jan, 2013. Vidyamandira team emerged champion in the cricket tournament and also in carrom (doubles) competition.

**Retirement News :** Sri Mangal Mallick, a non-teaching employee of the college, retired from his service on 28.02.13 after serving Vidyamandira for a period of long forty six years. Ramnarayan Mishra (joining date 1.1.75) and Premlal Bhaskar (joining date : 8.7.91)—two hostel employees—also retired from their services during the period under review.

**Sad News :** Two of our ex-teachers, Niranjan Bhuniya, the Department of Political Science and Prof. Jogajiban Roy, the Department of Chemistry passed away on 27.1.13 and 2.4.13 respectively. Dr. Alok Ranjan Basu, an ex-student of 1956-58 and Akash Maji of 1973-76 also expired recently. On 12.05.13, Mriganka Biswas of 3rd Yr. Microbiology (H) of Vidyamandira suddenly expired following a train accident.

**Other News:**

- As in previous years this year, too Vidyamandira students of the NCC and NSS wings enthusiastically participated in the Armed Forces Flag Day collection and collection for the National Foundation for Communal Harmony on 7.1.13.
- On the occasion of National Youth Day Celebration at Belurmath, our students presented a drama of 20 minutes' duration.
- Teachers of the college celebrated *Antarjatik Matribhasa Divas* on 21st February with due solemnity.
- Swami Balabhadranandaji, Asstt. Secretary, Ramakrishna Math and Ramakrishna Mission presided over the Annual Prize Distribution ceremony of the Vidyamandira on 28th March.
- Debabrata Maharaj, an alumnus and Mess-in-Charge of the Vidyamandira was ordained the sacred sannyasa and has been named—'Swami Jayeshananda'. Br. Sudip and Br. Ajarachaitanya (Sinjan), ex-students, have joined the monastic team of the Vidyamandira recently.
- A certificate course in 'Photography' is going to be introduced from the new session. Ex-students may be nostalgic about their 'Hobby House' days.
- *'Sarada-Annapurna Bhandar'*—a modern canteen has started functioning with items befitting the taste of the present day students.

As reflected in the report, Vidyamandira, the dream project of Swami Vivekananda, is going forward firmly and steadily to achieve a new height of excellence.

**—Tapan Kumar Ghosh**



স্বামী সর্বপ্রেমানন্দজীর বিদায় সম্বর্ধনা



কলেজকর্মী শ্রীমঙ্গল মল্লিকের বিদায় সম্বর্ধনা

# প্রাক্তনী সংসদ সমাচার

"সত্ত্বের ধুয়া ধরে দেশ তমঃ-সমুদ্রে ডুবতে বসেছে, এঁদের বাঁচাতে হলে চাই আপাদমস্তক শিরায় শিরায় বিদ্যুৎ সঞ্চারী রজোগুণ!"—স্বামীজীর এই বাণী অনুসরণ করে আমরা প্রাক্তনীরা যদি নিজেদের তৈরী করতে পারি এবং নিজেদের পারিবারিক গণ্ডী ছাড়িয়ে বৃহত্তর সমাজের কল্যাণের জন্য যথাসামর্থ্য কাজ করি, তাহলে সামগ্রিকভাবে বিশাল ফল পাওয়া যাবে। বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ প্রাক্তনীদের মাধ্যমে সীমিত সামর্থ্যের মধ্যেও বিদ্যামন্দিরে ও বিদ্যামন্দিরের বাইরে সেই কর্মপ্রক্রিয়া চালিয়ে যাচ্ছে।

**স্বাস্থ্য প্রকল্প** : বেলুড় শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। জানুয়ারী, ২০১৩ তে প্রাক্তনীবার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত মোট ১৯ জন দুঃস্থ রোগীকে ৯,৫০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের বর্তমান ৬ জন ছাত্রকে মোট ৮,৩৬৩ টাকা চিকিৎসার জন্য দেওয়া হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প** : এই প্রকল্পে ১৯৬৮-১৯৭১ বর্ষের প্রাক্তনীরা এখনও পর্যন্ত ১৯ লক্ষ ৪৮ হাজার ৫০২ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এছাড়া ১৯৭৬-৭৯, ১৯৮৯-১৯৯১, ২০০২-২০০৫, ২০০৫-২০০৮ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা এবং ব্যক্তিগতভাবে অন্যান্য প্রাক্তনীরাও এই প্রকল্পে নীরবে বিভিন্ন সময়ে অর্থ সাহায্য করেছেন। এঁদের সকলকে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতা** : এই আকর্ষণীয় প্রতিযোগিতাটি ৩০এ মার্চ, ২০১৩ তারিখে অনুষ্ঠিত হয়। মোট ১২ টি কলেজের টীম এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে এবং রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের ছাত্রদের দলটি বিজয়ী হয়; দ্বিতীয় স্থান অধিকার করে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন কলেজের ছাত্রদল। অংশগ্রহণকারী সকল প্রতিযোগীকে শংসাপত্র ও কিছু বই উপহার দেওয়া হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, চ্যাম্পিয়ন দলের জন্য 'দেবেন্দ্র দত্ত শিবরানী দত্ত স্মৃতি পুরস্কার'টি দিয়েছেন প্রাক্তনী অধ্যাপক গোপীনাথ দত্ত (১৯৬৪-৬৭) এবং রানার্স দলের জন্য 'বিক্রমজিৎ নিলীমা বক্সী' স্মৃতি পুরস্কারটি দিয়েছেন প্রাক্তনী শ্রীজয়জিৎ বক্সী (১৯৫৫-৫৭)।



অধ্যক্ষ স্বামী ত্যাগরূপানন্দজীর বিদায় সম্বর্ধনা

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার** : বিগত বছর গুলির মতো এ-বছরও বিদ্যামন্দিরের দুই ছাত্রকে এই পুরস্কার দেওয়া হয়েছে। বিদায়ী তৃতীয় বর্ষের বিজ্ঞান বিভাগের ছাত্র অভিজ্ঞান চৌধুরী এবং বাংলা বিভাগের ছাত্র সৌম্যজিৎ সেন এই পুরস্কার পেয়েছে।

**বিবেকানন্দ সম্মেলন** : দার্জিলিং জেলার সমতলে শিলিগুড়িতে এবছরের (২০১২-২০১৩) সম্মেলন সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এই বিষয়ে বিস্তারিত বিবরণ একটি পৃথক প্রতিবেদনে দেওয়া আছে। পরবর্তী সম্মেলন দার্জিলিং জেলায় পাহাড়ে করার জন্য চেষ্টা করা হবে।

**পুনর্মিলন উৎসব** : আগামী ৯ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে বিদ্যামন্দিরে প্রাক্তনীদের ২৩ তম পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হবে। আমরা সকলেই চাই যত বেশী সংখ্যক সম্ভব প্রাক্তনী তাঁদের পরিবারের সদস্যদের নিয়ে এই উৎসবে যোগদান করুন। প্রাক্তনীরা যে কোন প্রতিষ্ঠানের অন্যতম স্তম্ভ। আমরা সকল প্রাক্তনীরা যাতে বিদ্যামন্দিরের বিভিন্ন উন্নয়নমূলক কাজে সক্রিয়ভাবে এগিয়ে আসতে পারি এটাই সকলের কাছে আন্তরিক আবেদন।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন ও সাধুবাদ জানাই।

—**মনোজ কুমার ভট্টাচার্য্য**, কর্মসচিব, প্রাক্তনী সংসদ

## পুনর্মিলন উৎসব

এক বছরের ব্যবধানে পুনর্মিলন উৎসব আয়োজনের দাবী মেনে আগামী পুনর্মিলন উৎসবের দিন স্থির হয়েছে ২০১৪-র ৯ ফেব্রুয়ারি। বিস্তারিত সূচী পরে জানানো হবে। প্রাক্তনীরা সপরিবারে তৈরি হতে থাকুন সেদিন বিদ্যামন্দিরকে উৎসবমুখর করে তুলতে। ব্যস্ত কর্মসূচীতে এখনই প্রয়োজনীয় রদবদল করে নিন—সেদিনটা যেন কোনভাবেই 'মিস' না হয়।

**The rate chart for advertisements to the Re-union Souvenir (to be published on 9th February, 2014)**

| Sl No. | Description of the Page | Rate |
|---|---|---|
| 1) | Back Cover | Rs. 30,000.00 |
| 2) | Second Cover | Rs. 20,000.00 |
| 3) | Third Cover | Rs. 20,000.00 |
| 4) | Special Full Page | Rs. 10,000.00 |
| 5) | Ordinary Full Page | Rs. 3,000.00 |
| 6) | Half Page | Rs. 2,000.00 |
| 7) | Quarter Page | Rs. 1,000.00 |

***If you want the form, you may please download it from our website or mail us or ring us in the following contact numbers.**

Please send the advertisement matters by 1st **January, 2014** to our alumni office.

**Contact Numbers :** Vidyamandira College 033-26549181, Swami Shastrajnananda 9432090889, Tapan Kumar Ghosh 9836618143, Manoj Kumar Bhattacharyya 9831464660, Shuvendu Majumdar 9434574124

—Secretary

# LIST OF DONATIONS RECEIVED DURING 2012-2013

| | Donated by | Amount in ₹ | Name of fund / purpose |
|---|---|---|---|
| 1 | Alumni of 1968-1971 | 3,51,000 | Graduates of 71 Scholarship |
| 2 | Alumni of 1976-1979 | 91,000 | 1976-79 Batch Scholarship |
| 3 | Alumni of 1989-1991 | 10,000 | 89-91 HS Batch Education Scholarship |
| 4 | Alumni of 2002-2005 | 92,073 | General Scholarship from 2002-2005 |
| 5 | Alumni of 2005-2008 | 89,872 | 2008 Graduates Scholarship Fund |
| 6 | 1 alumnus | 1,50,000 | Pradip Kumar Mitra Memorial Scholarship |
| 7 | 1 alumnus | 15,000 | Hemchandra Gangopadhyay Memorial Scholarship |
| 8 | 1 alumnus | 10,000 | Giridhari Ghosh Usharani Ghosh Memorial Scholarship |
| 9 | 2 alumni | 35,000 | General Scholarship |
| 10 | 9 alumni | 51,701 | Healthcare Fund |
| 11 | 6 alumni | 35,602 | Swami Vimuktananda–Swami Dhyanatmananda Memorial Scholarship Fund |
| 12 | 1 alumnus | 502 | Vivekananda Sammelan |
| 13 | 9 alumni | 6,346 | General Donation |
| | **TOTAL DONATION** | **9,38,096** | |

We regret that because of lack of space names of all donors in the above list are not being published.

# DETAILS OF SCHOLARSHIPS AWARDED DURING 2012-2013

## SCHOLARSHIPS TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA

### A. Swami Vimuktananda-Dhyanatmananda Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Shibsankar Das, 3rd Year | Bengali | 5,400 |
| Debarghya Dutta, 3rd Year | Political Science | 4,800 |
| Rose Hussain, 2nd Year | History | 10,000 |
| Avishek Banerjee, 2nd Year | Bengali | 6,000 |
| Dhrubatara Naskar, 2nd Yr | Political Science | 8,000 |
| Sayantan Roy, 2nd Year | Philosophy | 12,000 |
| Madhusudan Manna, 2nd Yr | Industrial Chemistry | 8,800 |
| | **TOTAL** | **55,000** |

### B. Asha – Jyoti Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Manish Kayal, 2nd Year | Industrial Chemistry | 1,000 |
| Nabakumar Das, 1st Yr–M.A. | Bengali | 1,000 |
| | **TOTAL** | **2,000** |

### C. Graduates of 1971 Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Debashis Bhunia, 3rd Year | History | 14,000 |
| Bikash Pal, 3rd Year | Mathematics | 14,000 |
| Surajit Santra, 2nd Year | Sanskrit | 17,000 |
| Ashis Ghosh, 2nd Year | Industrial Chemistry | 15,000 |
| Ramakrishna Mondal, 2nd Yr | Bengali | 17,000 |
| Dipanjan Pal, 2nd Year | Mathematics | 17,000 |
| Satyanjit Maity, 1st Year | Mathematics | 20,000 |
| Suman Chakraborti, 1st Year | Sanskrit | 18,000 |
| Chiranjit Ghosh, 1st Yr–M.A. | Sanskrit | 20,000 |
| Tushar Kanti Maity, 1st Yr-M.Sc. | Applied Chemistry | 23,000 |
| | **TOTAL** | **1,75,000** |

### D. 1976-79 Graduates Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Jagannath Majhi, 1st Yr–M.Sc. | Applied Chemistry | 9,000 |

### E. 89-91 HS Batch Education Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Nitai Pal, 1st Year – M.A. | Sanskrit | 14,000 |

### F. 2002-05 Batch General Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Surajit Chakraborty, 1st Yr–M.A. | Bengali | 24,000 |

### G. 2008 Graduates Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Abhijit Mandal, 2nd Yr–M.A. | Sanskrit | 5,000 |
| Sumit Samanta, 1st Year–M.Sc. | Applied Chemistry | 15,000 |
| | **TOTAL** | **20,000** |

### H. Tarapada & Nirmala Basu Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Bapan Pramanik, 1st Yr–M.Sc. | Applied Chemistry | 7,500 |
| Subhasis Maity, 2nd Yr–M.Sc. | Applied Chemistry | 20,000 |
| | **TOTAL** | **27,500** |

### I. Souvik Pal Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Gobinda Das, 1st Year – M.Sc. | Mathematics | 9,000 |

## J. Paresh Nath Dutta Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Bikash Bag, 1st Year–M.A. | Sanskrit | 9,000 |

## K. Giridhari Ghosh – Usharani Ghosh Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Ratan Roy, 1st Year – M.Sc. | Mathematics | 4,500 |

## L. General Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Sandip Jana, 1st Year – M.A. | Sanskrit | 20,000 |
| Subhankar Khanra, 1st Yr–M.Sc | Applied Chemistry | 15,000 |
| | TOTAL | 35,000 |

**TOTAL SCHOLARSHIPS TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA : ₹ 3,84,000**

## SCHOLARSHIPS TO PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA

### A. Hemchandra Gangopadhyay Memorial Scholarship

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| Nandan Nayek | Political Science | Jadavpur University | 3,000 |
| Bapan Kumar Parua | History | Calcutta University | 1,700 |
| | | TOTAL | 4,700 |

### B. Chandranath De Memorial Scholarship

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| Soumen Pal | Philosophy | Calcutta University | 3,000 |
| Sourav Mondal | Sanskrit | W. B. State University | 700 |
| Badal Bera | History | Rabindra Bharati University | 6,000 |
| Dipankar Nalui | Computer Sc. | For various entrance exams | 4,700 |
| | | TOTAL | 14,400 |

### C. Ashutosh Das Memorial Scholarship

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| Swarup Malik | Philosophy | Calcutta University | 2,000 |
| Arup Maity | Sanskrit | W. B. State University | 700 |
| | | TOTAL | 2,700 |

**TOTAL SCHOLARSHIPS TO PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA : ₹ 21,800**

## SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS

### Swami Adiswarananda – Swami Gokulananda Memorial Scholarship

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| Chandrima Halder | History, 2nd Yr. | Sammelani Mahavidyalaya | 4,000 |
| Md. Zakaria Midya | Chemistry, 1st Yr | Vidyasagar College | 2,000 |
| Ananda Pramanik | Political Sc, 1st Yr | Lalbaba College | 980 |
| | | TOTAL | 6,980 |

## DETAILS OF FINANCIAL ASSISTANCE TO STUDENTS OF VIDYAMANDIRA FOR ADMISSION IN M.A./M.Sc. DURING 2012-2013

### Financial Assistance from ex-students of 2002-05 Degree Batch

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| 1 Saurabh Das | Bengali, MA | 2,000 |
| 2 Tushar Maity | Applied Chemistry, M.Sc. | 3,000 |
| 3 Surajit Chakraborty | Bengali, MA | 6,900 |
| 4 Binoy Patra | Bengali, MA | 6,900 |
| 5 Sambhu Manna | Sanskrit, MA | 3,000 |
| | TOTAL | 21,800 |

## প্রকাশনা-সংবাদ

বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৬৪-৬৭) অধ্যাপক গোপীনাথ দত্ত-র ভ্রমণ কাহিনী 'ঘুরে এলাম জাপান-বাংলাদেশ' ২০১২ র জন্মাষ্টমী-তে প্রকাশিত হয়েছে। বহুচিত্রশোভিত নাতিদীর্ঘ এই বইটি পাঠকদের মনোযোগের অপেক্ষায়!

## সংগ্রহ করুন

গত ৫.২.২০১২ পুনর্মিলন উৎসবে প্রকাশিত হয়েছে সংসদের Member's Directory (দ্বিতীয় সংস্করণ)। সতীর্থদের সঙ্গে সংযোগ স্থাপন এবং রক্ষার কাজে এটি অত্যন্ত মূল্যবান একটি উপকরণ। সদস্যদের পেশাগত পরিচয় এবং টেলিফোন নম্বর এবং অনেকের ই-মেল্ আই. ডি. ও সংযোজিত হয়েছে। মাত্র একশত টাকার বিনিময়ে এটি ডাকযোগে সংগ্রহ করা যেতে পারে। সংসদের অফিস থেকে সংগ্রহ করলে প্রতিটির জন্য খরচ পড়বে পঞ্চাশ টাকা।

# বিবেকানন্দ সম্মেলন ঃ দার্জিলিং জেলা

পশ্চিমবঙ্গের ছাত্র সমাজের মধ্যে স্বামীজীর ভাবধারা ছড়িয়ে দেবার লক্ষ্যে ১৯৯৩-এ প্রাক্তনী সংসদের উদ্যোগে 'স্বামীজী দিবস'-এর আয়োজন একটি গুরুত্বপূর্ণ শুভ সূচনা। পরবর্তীকালে নাম পাল্টে হয়েছে—'বিবেকানন্দ সম্মেলন ও জাতীয় যুবদিবস উদ্‌যাপন।' কালক্রমে রাজ্যের সতেরটি জেলায় এই অনুষ্ঠানের আয়োজন করার পর এবারের (২০১২-১৩) বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হল দার্জিলিং জেলায়।

এই উপলক্ষে প্রস্তুতির প্রয়োজনে বিদ্যামন্দির কর্তৃপক্ষ ও প্রাক্তনী সংসদের সদস্যবৃন্দ দার্জিলিং জেলায় একাধিক সভায় মিলিত হন। শিক্ষা দপ্তরের আধিকারিক ও বিশিষ্ট ব্যক্তিবর্গের অভিজ্ঞতা ও পরামর্শের ভিত্তিতে প্রাথমিকভাবে স্থির হয়, কেন্দ্রীয়ভাবে আয়োজন না করে এবারের সম্মেলন অনুষ্ঠিত হবে শিলিগুড়ি, এবং দার্জিলিং, কার্শিয়াং ও কালিম্পং-এ আঞ্চলিক ভিত্তিতে।

বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী ত্যাগরূপানন্দ মহারাজের অনুপ্রেরণায় ৭ ফেব্রুয়ারি, ২০১৩-তে শিলিগুড়ি শ্রীরামকৃষ্ণ বেদান্ত মঠের সহযোগিতায় মার্গারেট ইংরাজি বিদ্যালয়ে বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হয়। নানা কারণে অন্যান্য অঞ্চলগুলিতে এই আয়োজন সম্ভব হয়নি।

এই সম্মেলনে আঠারোটি বিদ্যালয়ের পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণীর প্রায় ১৩০ জন ছাত্রছাত্রী বিভিন্ন সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিশেষ উল্লেখযোগ্য, এবারে হিন্দী ও নেপালী মাধ্যমের প্রতিযোগীও অংশগ্রহণ করে। বিদ্যামন্দিরের মহারাজ, শিক্ষক, শিক্ষাকর্মী এবং সংসদের সদস্যবৃন্দ বিচার ও অন্যান্য দায়িত্ব পালন করেন। এই কাজে বিশেষ সহযোগিতা করেন বেদান্ত মঠের সন্ন্যাসী ও কর্মীবৃন্দ, মার্গারেট স্কুল এবং অন্যান্য স্থানীয় স্কুলের শিক্ষক শিক্ষিকাবৃন্দ।

দুপুরে প্রায় ২৭০ জনের মধ্যাহ্নভোজের আয়োজন ছিল। বিকালে সকল প্রতিযোগীকে শংসাপত্র ও স্বামীজীর জীবনী উপহার দেওয়া হল—প্রতিটি বিভাগের স্থানাধিকারীরা পুরস্কৃত হলেন। এই মহতী উদ্যোগে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে ২০,০০০ টাকা বিদ্যামন্দির কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়। দার্জিলিং জেলার অন্যান্য অঞ্চলগুলিতেও ভবিষ্যতে একই ভাবে সম্মেলন আয়োজন করা সম্ভব হবে—এই আমাদের আশা।

**শুভেন্দু মজুমদার**
যুগ্ম কর্মসচিব



বিবেকানন্দ সম্মেলন ঃ দিনের শুভারম্ভ




বিবেকানন্দ সম্মেলন ঃ ছাত্রীদের দৌড়

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী
আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ তপন কুমার ঘোষ
সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সুশান্ত দে, শুভেন্দু মজুমদার এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)
প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ প্রয়াত নচিকেতা ভরদ্বাজ, স্বামী স্বাহানন্দজী, ডঃ সুব্রত গাঙ্গুলি, শ্রী বীরবিক্রম রায়, শ্রী সঞ্জয় পোদ্দার, শ্রী রাজমোহন চট্টরাজ, শ্রীমতী শ্রাবণী দে ও শ্রীমতী শিখা চাক্‌লানবীশ।

PRINTED MATTER

BOOK POST

If undelivered, please return to :
Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202
E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in
Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536